# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট

ঢাকা (দক্ষিণ)

১৬০/এ, কাকরাইল, ঢাকা

Daily sun

6/08/15

## দরপত্র আহ্বান বিজ্ঞপ্তি

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা দপ্তরে কর্মরত কর্মকর্তাগণের যাতায়াত, উর্দ্ধতন কর্তৃপক্ষ কর্তৃক অধীনস্থ বিভাগীয় ও সার্কেল অফিস পরিদর্শন, মনিটরিং এবং দলিলাদি আদান-প্রদান, পাইকারী ও খুচরা পর্যায়ে মূল্য সংযোজন কর ফাঁকি রোধকল্পে টহল, স্পট অ্যাসেসমেন্টের মাধ্যমে করদায়িতা নিরুপণ, গোয়েন্দা কার্যক্রম ও বিভিন্ন মামলার শুনানীতে অংশগ্রহণসহ জরুরি অন্যান্য প্রশাসনিক কাজ সম্পাদনের লক্ষ্যে আগামী ০১/১০/২০১৫ খ্রিঃ হতে ৩০/০৬/২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১ টি ন্যূনতম ০৮ আসন ও চার দরজা বিশিষ্ট লো-ফ্লোর টিপটপ কন্ডিশনের ডুয়েল এসি (২০০৫ মডেলের পূর্বে নয় এবং ইঞ্জিন ক্যাপাসিটি ১৮০০ সিসির নিম্নে নয়) মাইক্রোবাস ভাড়া করা আবশ্যক। এক্ষেত্রে মাইক্রোবাস ভাড়া প্রদানকারী হিসেবে আগ্রহী প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

**শর্তাবলী:**

১) মাইক্রোবাসের জন্য দর হিসেবে মাসিক ভাড়ার হার সুস্পষ্টভাবে (অংকে এবং কথায়) উল্লেখ করতে হবে (জ্বালানী ও সকল প্রকার খরচসহ)

২) দরপত্র প্রদানের শর্তাবলী ও অন্যান্য তথ্য সম্বলিত "দরপত্র তফসিল" নগদ ৫০০/- টাকা মূল্য (অফেরতযোগ্য) এ দপ্তরের সাধারণ শাখা হতে আগামী ০১/০৯/২০১৫ হতে ১৫/০৯/২০১৫ খ্রিঃ পর্যন্ত বেলা ০১:০০ ঘটিকার মধ্যে অফিস চলাকালীন সময়ে ক্রয় করা যাবে। দরপত্র তফসিল গ্রহণের সময় হালনাগাদ ট্রেড-লাইসেন্স, মূসক নিবন্ধনপত্র, টিআইএন সনদপত্র ও ব্যাংক প্রত্যয়নপত্র প্রদর্শন করতে হবে

৩) কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা-এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে দরপত্রে বর্ণিত টাকার উপর ৪.৫% হারে পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্ট (ফেরতযোগ্য) দরপত্রের সাথে জমা দিতে হবে

৪) দরপত্র আগামী ১৬/০৯/২০১৫ খ্রিঃ তারিখ বেলা ০৩:০০ ঘটিকা পর্যন্ত এ দপ্তরে রক্ষিত দরপত্র বাক্সে সীলমোহরযুক্ত খামে দাখিল করা যাবে এবং দরপত্র বাক্স ঐ দিনই বেলা ০৩:৩০ ঘটিকায় উপস্থিত দরপত্রদাতাগণের সম্মুখ্যে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে

৫) বাজেট সংকুলান সাপেক্ষে কার্যাদেশে বর্ণিত সময়সীমা হ্রাস/বৃদ্ধি করা যাবে

৬) কুরিয়ার এবং ডাকযোগে নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে দরপত্র পৌঁছানো যাবে।

৭) সরকারি বিধি-বিধান অনুযায়ী প্রযোজ্য মূল্য সংযোজন কর ও অন্যান্য কর কর্তন করা হবে

৮) কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ/বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত

(মোঃ শওকাত হোসেন)
অতিরিক্ত কমিশনার
ও
সভাপতি, দরপত্র কমিটি

PF 404-997/15(7x4)